



খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া করলেন মাওলানা আজহারী



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার দ্রুত আরোগ্য কামনা করে দোয়া করেছেন জনপ্রিয় ইসলামী বক্তা মাওলানা মিজানুর রহমান আজহারী। শনিবার নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি খালেদা জিয়ার প্রতি দেশজুড়ে মানুষের দোয়া ও ভালোবাসাকে “পরম সৌভাগ্য” বলে উল্লেখ করেন।

পোস্টে তিনি লিখেন, “বিভক্তির এই সমাজে সর্বজনের শ্রদ্ধা অর্জনকারীর সংখ্যা খুবই কম। কিন্তু বেগম খালেদা জিয়া সেই বিরল ব্যতিক্রম। দেশপ্রেম, ত্যাগ ও ব্যক্তিত্বের কারণে তিনি প্রায় সকলের কাছেই বিশেষ সম্মানের আসনে অধিষ্ঠিত।”

আজহারী জানান, খালেদা জিয়ার বর্তমান সংকটাপন্ন শারীরিক অবস্থা জাতিকে গভীরভাবে ব্যথিত করেছে।

তার ভাষায়, “তিনি হাসপাতালে চিকিৎসাধীন। এই মুহূর্তে দলমত-নির্বিশেষে অসংখ্য মানুষ তাকে দোয়ায় স্মরণ করছে—এটাই তার প্রতি জনগণের ভালোবাসার প্রকৃত প্রমাণ।” পোস্টের শেষ অংশে তিনি সাবেক প্রধানমন্ত্রীর সুস্থতা কামনা করে দোয়া করেন:

“আমি দেশের জন্য অসীম ত্যাগ স্বীকার করা, ধর্মীয় মূল্যবোধে দৃঢ় এই মহিষী নারীর পূর্ণ রোগমুক্তি কামনা করছি। মহান আল্লাহ তাকে দ্রুত আরোগ্য দান করুন।”